মাঠে - ময়দানে

গ্রিসের অলিম্পিক স্টেডিয়ামে ম্যাচ শুরুর আগেই বিস্ফোরণ

গ্রিস, ২৮ নভেম্বর: গ্রিসের অলিম্পিক স্টেডিয়ামে চ্যাম্পিয়ন্স লিগে এইকে এথেন্স বনাম অ্যাজাক্স ম্যাচ শুরু হওয়ার আগে পেট্রোল বোমা বিস্ফোরণ হয়। অ্যাজাক্স সমর্থকদের লক্ষ্য করে বোমা ছোড়া হয়েছিল বলে অভিযোগ। দুই ক্লাবের সমর্থকদের মধ্যে সংঘর্ষের ফলে বেশ কয়েকজন সমর্থক আহত হন। অ্যাজাক্স সমর্থকদের গ্যালারি লক্ষ্য করে পেট্রোল বোমা ছোঁড়েন এইকে এথেন্স দলের সমর্থকেরা। গুরুত্বপূর্ণ ম্যাচে কিক অফের আগেই ভয়ঙ্কর এই ঘটনায় উত্তেজনা ছড়িয়ে পড়ে। পুরো ঘটনায় বেশ কয়েকজন অ্যাজাক্স সমর্থক জখম হয়েছেন বলে খবর পাওয়া গিয়েছে। দুই ক্লাবের সমর্থকদের মধ্যে সংঘর্ষের পাশাপাশি পুলিসের সঙ্গেও সংঘর্ষে জড়িয়ে পড়েন সমর্থকেরা। এমনকী, দুই দলের ফুটবলারদের মধ্যে কেউ কেউ সমর্থকদের শান্ত থাকার আবেদন জানাতে মাঠে নেমে পড়েছিলেন। শেষ পর্যন্ত পুলিশের হস্তক্ষেপে অশান্তি থামে। সংঘর্ষের প্রভাব অবশ্য ম্যাচে পড়েনি। বিরতিতেও স্টেডিয়ামে প্রচুর বাজি ফাটাতে দেখা যায়। ম্যাচটি শেষ পর্যন্ত ২-০ গোলে জেতে অ্যাজাক্স। একে হার। তার উপর স্টেডিয়ামে বিস্ফোরণের ঘটনায় বড় ধরনের শাস্তির মুখে পড়তে পারে এইকে এথেন্স ক্লাবটি।

ইউনিভার্সাল রেকর্ডস ফোরামের পক্ষ থেকে আগামী ৩০ নভেম্বর কলকাতার মোহিত মিত্র মঞ্চে ওয়ার্ল্ড ট্যালেন্ট উৎসবের আয়োজন করা হয়েছে। এই বিশেষ অনুষ্ঠানের আগে একটি সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয়। যেখানে উপস্থিত ছিলেন মদন মিত্র, ম্যাজিশিয়ান সোমনাথ সহ আরও বিশিষ্ট ব্যক্তি।

প্রস্তুতি ম্যাচে বৃষ্টি, জিমে সময় কাটাল ভারতীয় দলের ক্রিকেটাররা

বৃষ্টিতে ভেস্তে গেল চারদিনের প্রস্তুতি ম্যাচের প্রথম দিন। ঢাকা রয়েছে সিডনি ক্রিকেট গ্রাউন্ডের পিচ। (ইনসেটে) জিমে কিছুটা সময় কাটালেন ইশান্ত, বিরাট, বিজয়।

সিডনি, ২৮ নভেম্বর: বৃষ্টি যেন পিছুই ছাড়ছে না অস্ট্রেলিয়ার। এবার প্র্যাকটিস ম্যাচেও খেল দেখালেন বরুণ দেব। চার ম্যাচের টেস্ট সিরিজের আগে একটাই প্রস্তুতি ম্যাচ ভারতের। সেই প্রস্তুতি ম্যাচে ব্যাঘাত ঘটাল বৃষ্টি। বুধবার থেকে ক্রিকেট অস্ট্রেলিয়া একাদশের সঙ্গে চারদিনের প্রস্তুতি ম্যাচ শুরু হওয়ার কথা ছিল ভারতের। কিন্তু বৃষ্টির জন্য ম্যাচ এখনও শুরুই করা যায়নি। সিডনিতে টসও হয়নি। টেস্ট সিরিজের আগে একমাত্র প্রস্তুতি ম্যাচে নিজেদের ঝালিয়ে নিতে চেয়েছিল টিম ইন্ডিয়া। কিন্তু বৃষ্টি সে ইচ্ছায় জল ঢেলে দিল। যদিও ভারতীয় ক্রিকেটাররা ড্রেসিংরুমে বসে সময় নষ্ট করেননি। চলে গিয়েছেন জিমে। শরীরচর্চায় ব্যস্ত বিরাট কোহলি, ইশান্ত শর্মা, মুরলি বিজয়রা। সোশ্যাল মিডিয়ায় ভারত অধিনায়ক একটি ছবি পোস্ট করেছেন। যে ছবিতে বিরাটের সঙ্গে রয়েছেন ইশান্ত শর্মা ও বিজয়। সঙ্গে বিরাট লিখেছেন বৃষ্টিতে খেলা শুরু হয়নি। কিন্তু আমরা দিনটা নষ্ট করিনি। জিমে চলে এসেছি। বিসিসিআই জানিয়েছে যে, আগামীকাল নির্দিষ্ট সময়ের আধ ঘণ্টা আগে ম্যাচ শুরু হবে।

২৮ নভেম্বর থেকে ১ ডিসেম্বর পর্যন্ত প্রস্তুতি ম্যাচ চলার কথা। তারপর টিম ইন্ডিয়া উড়ে যাবে অ্যাডিলেডে। সেখানেই ৬ ডিসেম্বর শুরু প্রথম টেস্ট। এদিকে ভারতের বিরুদ্ধে টেস্ট সিরিজে অজিদের আগ্রাসী হওয়ার পরামর্শ দিলেন প্রাক্তন অধিনায়ক মাইকেল ক্লার্ক।

তিনি বলেছেন, অস্ট্রেলিয়া কীভাবে প্রতিপক্ষের সমীহ আদায় করতে পারে, সেই নিয়ে ভাবনাচিন্তা শুরু করুক। অস্ট্রেলিয়ার ক্রিকেটে আগ্রাসন ফিরে আসুক। ভাল লাগুক বা না লাগুক, এটা আমাদের রক্তে। এটা ছেড়ে দিলে হয়তো আমাদের সবাই ভালবাসতে পারে। কিন্তু তাহলে আর ম্যাচ জিততে হবে না।

এরপরই ক্লার্ক বলেছেন, সোজা কথা বলতে হবে। প্রতিপক্ষের চোখে চোখ রেখে কথা বলতে হবে। এই আগ্রাসী মনোভাব না থাকলে ভারতের বিরুদ্ধে সিরিজ জেতা সম্ভব বলে না। **ভারতীয় দল :** লোকেশ রাহুল, পৃথ্বী শ, চেতেশ্বর পুজারা, বিরাট কোহলি, অজিঙ্কা রাহানে, ঋষভ পন্থ, রবীন্দ্র জাদেজা, রবিচন্দ্রন অশ্বিন, কুলদীপ যাদব, উমেশ যাদব, মহম্মদ সামি, রোহিত শর্মা, মুরলী বিজয়, হনুমা বিহারী, পার্থিব প্যাটেল, ইশান্ত শর্মা, ভুবনেশ্বর কুমার ও যশপ্রীত বুমরাহ।

প্রস্তুতি ম্যাচের জন্য নির্বাচিত অস্ট্রেলিয় দল: ডার্সি শর্ট, ব্রায়ান্ট, স্যাম হোয়াইটম্যান, জ্যাক কর্ডার, হ্যারি নিয়েলসন, পরম উপল, জোনাথন মার্লো, জ্যাকশন কোলম্যান, হ্যারি কনওয়ে, ড্যানিয়েল ফলিন্স, ডেভিড প্রাস্ট ও অ্যারন হার্ডি।

পিসিবির আমন্ত্রণ অস্বীকার বিসিসিআইয়ের, পাকিস্তানে দল পাঠাচ্ছে না ভারত

নয়াদিল্লি, ২৮ নভেম্বর: মাঠ ও মাঠের বাইরে ভারত-পাক তরজা অব্যাহত। তাই ইমার্জিং নেশনস কাপ খেলার জন্য ভারতীয় দলকে পাকিস্তানে পাঠানো হবে না বলে সাফ জানিয়ে দিল বিসিসিআই। ২০০৮ সালে শ্রীলঙ্কার টিম বাসে সন্ত্রাসবাদী হামলার পর বদলে গিয়েছিল পাকিস্তানের খেলার দুনিয়ার চেহারাটা। তারপর থেকে দীর্ঘদিন আর কোনও আন্তর্জাতিক ম্যাচ আয়োজন করা যায়নি সে দেশে। যে কারণে ২০০৯ থেকেই পাকিস্তানের ঘরের মাঠ হয়ে ওঠে আবু ধাবি। সম্প্রতি জিম্বাবোয়ের মতো দল সেখানে গেলেও এখনও প্রথম সারির কোনও দেশ পাকিস্তানের মাটিতে সিরিজ খেলতে রাজি নয়। সে তালিকায় রয়েছে ভারতও। কিন্তু এবার বড়সড় একটি টুর্নামেন্ট আয়োজনের সুযোগ পেয়েছে পাকিস্তান। নিজেদের প্রমাণ করার এমন সুবর্ণ সুযোগ হাতছাড়া করতে চায় না ইমরানের দেশ। তাই এই টুর্নামেন্টের চূড়ান্ত নিরাপত্তার বন্দোবস্ত করতে চলেছে পাক ক্রিকেট বোর্ড (পিসিবি)। তা সত্ত্বেও পাকিস্তানে দল না পাঠানোর সিদ্ধান্ত নিয়েছে বিসিসিআই। আসলে শুধু পাকিস্তান নয়, শ্রীলঙ্কাতেও হবে সিরিজের একাংশ। আর সেখানেই খেলবে টিম ইন্ডিয়া। একদিকে করাচি লেগে পাকিস্তানের গ্রুপে রয়েছে বাংলাদেশ, সংযুক্ত আরব আমিরশাহী এবং হংকং। করাচির ন্যাশনাল স্টেডিয়াম এবং সাউথএন্ড ক্রিকেট স্টেডিয়ামে হবে তিনটি করে ম্যাচ। অন্য গ্রুপে ভারতের সঙ্গে রয়েছে শ্রীলঙ্কা, আফগানিস্তান। এই গ্রুপটি খেলবে কলম্বোয়। সিরিজের ফাইনালও অনুষ্ঠিত হবে শ্রীলঙ্কার রাজধানীতেই। তাই এই টুর্নামেন্টের জন্য পাকিস্তানে পা রাখবে না ভারতীয় দল। পাক ক্রিকেট বোর্ড (পিসিবি) জানায়, বিসিসিআইয়ের সঙ্গে এ নিয়ে কথাও হয়েছে। কিন্তু কোনও পরিস্থিতিতেই তারা প্রতিবেশী রাষ্ট্রে দল পাঠাতে রাজি নয়। তবে পিসিবির আশ্বাস, সফরকারী সমস্ত দলগুলির জন্য কড়া নিরাপত্তার ব্যবস্থা করা হবে। ভারতীয় বোর্ডের কথাতেই স্পষ্ট, দুই দেশের মধ্যে শান্তিপূর্ণ সম্পর্ক গড়ে না উঠলে ভারত কখনওই পাকিস্তানের মাটিতে তা তাদের সঙ্গে কোনও দ্বিপাক্ষিক সিরিজ খেলবে না। তবে ইমার্জিং নেশনস কাপে যের ভারত-পাক মুখোমুখি হয় কি না, সেদিকেই তাকিয়ে ক্রিকেটপ্রেমীরা।

ভ্যালেন্সিয়াকে হারিয়ে শেষ ষোলোয় জুভেন্তাস

জুভেন্তাস, ২৮ নভেম্বর : ড্র হলেই শেষ ষোলো নিশ্চিত হত জুভেন্তাসের। কিন্তু ড্র নয়, জয় দিয়েই উয়েফা চ্যাম্পিয়ন্স লিগের শেষ ষোলোয় উঠল জুভেন্তাস। গ্রুপ পর্বের শেষ ম্যাচে মারিও মানজুকিচের গোলে ভ্যালেন্সিয়াকে হারাল জুভেন্তাস। প্রথম লেগে ভ্যালেন্সিয়ার মাঠে ২-০ গোলে জিতেছিল জুভেন্তাস।

ফিরতি লেগে ১-০ গোলে জয় পাওয়ার ফলে দুই লেগ মিলিয়ে ৩-০ গোলে জিতে শেষ ষোলোর টিকিট পেল জুভরা। পাঁচ ম্যাচে চারটি জয়ের ফলে ১২ পয়েন্ট নিয়ে শেষ ষোলোয় খেলার ছাড়পত্র সংগ্রহ করল জুভেন্তাস। এদিন ম্যাচের ৫৯ মিনিটে পাওয়া প্রথম ভাল সুযোগটি কাজে লাগিয়ে এগিয়ে যায় জুভেন্তাস। সতীর্থের ছোট করে বাড়ানো বল ধরে ক্রিশ্চিয়ানো রোনাল্ডোর আড়াআড়ি ক্রসে নিখুঁত টোকায় বল জালে জড়ান মানজুকিচ। এদিন জুভেন্তাসের ১-০ গোলে জয়ের দিনে নতুন রেকর্ডও গড়লেন রোনাল্ডো।

ইতিহাসে প্রথম খেলোয়াড় হিসাবে চ্যাম্পিয়ন্স লিগে ১০০টি ম্যাচ জিতলেন সিআরসেভেন। এর আগে চ্যাম্পিয়ন্স লিগে সমান ৯৯টি ম্যাচ জয়ের রেকর্ড ছিল লিওনেল মেসি এবং ক্রিশ্চিয়ানো রোনাল্ডোর। ভ্যালেন্সিয়া ম্যাচে সেই রেকর্ডটা ভাঙলেন তিনি। তবে শুধু রোনাল্ডো নন, তাঁর দল জুভেন্তাসও এদিন একটা রেকর্ড গড়ল। এই নিয়ে ষষ্ঠ মরশুমে তারা চ্যাম্পিয়ন্স লিগের দ্বিতীয় রাউন্ডে উঠল। যা জুভেন্তাসের ক্লাব রেকর্ড।

রোমাকে হারিয়ে চ্যাম্পিয়ন্স লিগের শেষ ষোলোয় রিয়াল মাদ্রিদ

মাদ্রিদ, ২৮ নভেম্বর: লা লিগায় সমস্যটা ভাল না গেলেও চ্যাম্পিয়ন্স লিগে ছন্দে রিয়াল মাদ্রিদ। রোমার মাঠে রোমাকে হারিয়ে চ্যাম্পিয়ন্স লিগে জি-গ্রুপের শীর্ষে সান্তিয়াগো সোলারির দল।

প্রথম লেগে ৩-০ গোলে জেতার পর ফিরতি লেগে ২-০ গোলে জেতে রিয়াল মাদ্রিদ। আগের ম্যাচে চেক রিপাবলিকের ভিক্টোরিয়া প্লাজনের কাছে রুশ ক্লাব সিএসকেএ মস্কো হেরে যাওয়ায় জি-গ্রুপ থেকে নকআউট পর্ব নিশ্চিত হয়ে যায় রোমা ও রিয়ালের। তবে গ্রুপ চ্যাম্পিয়ন কে হবে সেটা জানা বাকি ছিল। প্রথমার্ধে রিয়াল মাদ্রিদের পারফরম্যান্স ছিল হতাশাজনক। অধিকাংশ সময় বল দখলে রেখে আক্রমণে ওঠার চেষ্টা করলেও গোল আসেনি। উল্টোদিকে বিরতির আগে রিয়াল রক্ষণে আতঙ্ক ছড়ায় রোমা। প্রথমার্ধে গোল শূন্য থাকার পর দ্বিতীয়ার্ধের দ্বিতীয় মিনিটেই প্রতিপক্ষের ভুলের সুযোগ কাজে লাগিয়ে রিয়ালকে এগিয়ে দেন গ্যারেথ বেল। দ্বিতীয় গোলের জন্য অবশ্য বেশিক্ষণ অপেক্ষা করতে হয়নি তাদের। ৫৯ মিনিটে বেলের উঁচু করে বাড়ানো বলে হেড করেন করিম বেঞ্জেমা। আলতো টোকায় বল জালে জড়ান লুকাস ভাসকেস।

০-২ গোলে ঘরের মাঠে পিছিয়ে পড়ে ব্যবধান কমানোর চেষ্টা করলেও ব্যর্থ হয় ইতালির ক্লাব দলটি। পাঁচ ম্যাচে চার জয়ে টানা তিনবারের চ্যাম্পিয়ন রিয়ালের পয়েন্ট ১২। ৩ পয়েন্ট কম নিয়ে দ্বিতীয় স্থানে আছে রোমা। মস্কোর মাঠে ২-১ গোলে জেতা প্রাজেন ৪ পয়েন্ট নিয়ে আছে তৃতীয় স্থানে। সমান পয়েন্ট নিয়ে মুখোমুখি লড়াইয়ে পিছিয়ে চতুর্থ স্থানে আছে সিএসকে মস্কো। এক ম্যাচ বাকি থাকতেই জি গ্রুপ থেকে চ্যাম্পিয়ন্স লিগের শেষ ষোলোয় রিয়াল ও রোমা।

টেস্ট থেকে বাদ পড়া নিয়ে মুখ খুললেন ধাওয়ান



মুম্বই, ২৮ নভেম্বর : অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ১৮ সদস্যের ভারতীয় টেস্ট দলে জায়গা পাননি শিখর ধাওয়ান। চলতি বছর ইংল্যান্ডের বিরুদ্ধে ধাওয়ান টেস্টে সেরকম ভাল পারফরম্যান্স করতে পারেননি। ফলে তাঁকে বাদ দিয়েই অস্ট্রেলিয়ার বিরুদ্ধে দল ঘোষণা করেছেন জাতীয় দলের নির্বাচকরা। টেস্ট দল থেকে বাদ পড়া নিয়ে এবার মুখ খুললেন ভারতের এই বাঁহাতি ওপেনার। ৩২ বছরের ধাওয়ান বলেছেন, 'টেস্ট দলে সুযোগ না পেয়ে খারাপ লেগেছিল। কিন্তু আমি এখন সেখান থেকে বেরিয়ে এসেছি। এখন আমি পজিটিভ। কিছুটা ফাঁকা সময় রয়েছে। ট্রেনিংটা উপভোগ করে নিজেকে ফিট রাখতে চাই। আমি খুশি থাকলেই সবকিছু ঠিকঠাক যায়।' ধাওয়ান মনে করছেন যে ভারতের টেস্ট জেতার ভাল সম্ভাবনা রয়েছে। তিনি বলেছেন,'আমি মনেকরি, এবার আমাদের সিরিজ জেতার ভাল সুযোগ রয়েছে। আমাদের কমপ্লিট ক্রিকেট খেলতে হবে। ব্যাটিং, বোলিং এবং ফিল্ডিং তিনটি বিভাগেই ভাল করতে হবে। অবশ্যই ক্যাচিংও। বারবারিকভাবে ভাল ক্রিকেট খেললেই অস্ট্রেলিয়াকে হারাতে পারব।' অন্যদিকে, এখন থেকেই বিশ্বকাপের ভাবনা শুরু করে দিয়েছেন টিম ইন্ডিয়ার গব্বর। বিশ্বকাপের বিষয়ে তিনি জানালেন,'আমি ইংল্যান্ডে চ্যাম্পিয়ন্স খেলেছি। ওখানে খেলার অভিজ্ঞতা রয়েছে আমার। আশা করি বিশ্বকাপেও প্রচুর রান করে দলের হয়ে গুরুটা ভাল করতে পারব। আশা করি আবার আমরা দেশে বিশ্বকাপ ফিরিয়ে আনতে পারব।' আগামী বছর ধাওয়ানকে খেলতে দেখা যাবে দিল্লি ডেয়ারডেভিলসের হয়ে। ১১ বছর পর ঘরের ছেলে ঘরে ফিরছেন। ২০০৮ সালে ধাওয়ান দিল্লি ডেয়ারডেভিলসের হয়ে আইপিএল শুরু করেন। এর পরের বছরই চলে যান মুম্বই ইন্ডিয়ান্সে। এরপর ডেকান চার্জাসে ঘুরে ২০১৩ থেকে হায়দরাবাদে রয়েছেন। আর্থিক কারণেই ধাওয়ান নিজামের শহর ছেড়ে দেশের রাজধানী বেছে নিয়েছেন।

অ্যাটলেটিকো মাদ্রিদের সঙ্গে গাঁটছড়া বাঁধল টাটা ফুটবল অ্যাকাডেমি

নয়াদিল্লি, ২৮ নভেম্বর : ভারতীয় ফুটবলের উন্নতির জন্য টাটা ফুটবল অ্যাকাডেমি এবং টাটা ট্রাস্ট লা লিগার অন্যতম সেরা দল অ্যাটলেটিকো মাদ্রিদের সঙ্গে গাঁটছড়া বাঁধল এবং ভারতে তার নতুন নাম হল 'টাটা অ্যাটলেটিকো ফুটবল অ্যাকাডেমিয়া।' টাটা ট্রাস্টের প্রোগ্রাম ডিজাইনার আর পবিত্র কুমার জানালেন,'অ্যাটলেটিকো মাদ্রিদের সঙ্গে গাঁটছড়া বাঁধার ফলে যেমন তৃণমূল স্তর থেকে খেলোয়াড় উঠে আসবে, ঠিক তেমনই কমবয়সি খেলোয়াড়রা আন্তর্জাতিক স্তরে অনুশীলন করার পাশাপাশি নিজেদের উন্নতিও করতে পারবে।' টাটা স্টিলের কর্পোরেট সার্ভিসের ভাইস প্রেসিডেন্ট চাণক্য চক্রবর্তী জানিয়েছেন,'টাটা ফুটবল অ্যাকাডেমি শেষ তিন দশক ধরে বেশকিছু ভাল ভারতীয় ফুটবলার নিয়ে আসছে। অ্যাটলেটিকো মাদ্রিদের সঙ্গে আমাদের পার্টনারশিপ অ্যাকাডেমির যোগ্যতাকে আন্তর্জাতিক স্তরে নিয়ে যাবে।'

হকি বিশ্বকাপের অভিযান ম্যাচে বড় জয় ভারতের

ভুবনেশ্বর, ২৮ নভেম্বর : ঘরের মাঠে ভারতের হকি বিশ্বকাপের শুরুটা বেশ ভালই হল। ভুবনেশ্বরের কলিঙ্গ স্টেডিয়ামে অভিযান ম্যাচে তারা দক্ষিণ আফ্রিকার মতো সহজ প্রতিপক্ষকে হারাল ৫-০ গোলের বড় ব্যবধানে। দলের হয়ে জোড়া গোল করেন সিমরনজিৎ সিং। একটি করে গোল করেন মনদীপ সিং, আকাশদীপ সিং এবং ললিত উপাধ্যায়। ম্যাচের শুরু থেকেই দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে আক্রমণাত্মক খেলতে থাকে হরেন্দ্র সিংয়ের ছেলেরা। তাদের আক্রমণের সামনে দক্ষিণ আফ্রিকাকে বেশ অসহায় লাগছিল। সুযোগ কাজে লাগিয়ে পেনাল্টি কর্নার থেকে ম্যাচের ১০ মিনিটে দলের হয়ে প্রথম গোল করেন মনদীপ সিং। ১২ মিনিটে দলের হয়ে দ্বিতীয় গোল করেন আকাশদীপ সিং। প্রথম কোয়ার্টারে ভারত দু'টি গোল করলেও দ্বিতীয় কোয়ার্টার থাকে গোলশূন্য। তৃতীয় কোয়ার্টারের শুরুর দিকেও ভারত তেমন কোনও সুবিধা করতে পারেনি।

ছবি-অরিজিৎ গাঙ্গুলী

তবে তৃতীয় কোয়ার্টারের শেষদিকে এক জোড়া ফিল্ড গোল হয়। ৪৩ মিনিটে গোল করে ব্যবধান ৩-০ করেন সিমরনজিৎ। ৪৫ মিনিটে ৪-০ করেন ললিত উপাধ্যায়। শেষ কোয়ার্টারের শুরুতে পেনাল্টি কর্নার থেকে গোল করে নিজের দ্বিতীয় এবং দলের পঞ্চম গোলটি করেন সিমরনজিৎ। দিনের অন্য একটি ম্যাচে বেলজিয়াম ২-১ গোলে হারাল কানাডাকে। আগামী ২ ডিসেম্বর ভারত তাদের পরের ম্যাচ খেলবে বেলজিয়ামের বিরুদ্ধে। একইদিনে কানাডা খেলতে নামবে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে।

শনিবার জার্মানির বিরুদ্ধে নামার আগে পাকিস্তান টিমের মহড়া।

প্রকাশক পার্থ কুণ্ডু কর্তৃক ৩, বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র সরণি, শিলিগুড়ি-৭৩৪০০১ থেকে প্রকাশিত এবং ইকো প্রিন্টিং প্রেস, যাদুভিটা, মিলন মোড়, শিলিগুড়ি-৭৩৪০০৩ থেকে মুদ্রিত ● স্বত্বাধিকারী : আশিস্ লাহা ● মুখ্য সম্পাদক : কমল ভট্টাচার্য
সম্পাদক : আশিস্ লাহা